

ঢাকা, সোমবার ১৩ মার্চ ২০২৩  
২৮ ফাল্গুন ১৪২৯, ১৯ শাবান ১৪৪৪

# কালের বর্ধ

চট্টগ্রামে বিজ্ঞান মেলা

## বিজ্ঞানের সঙ্গে নৈতিকতা থাকতে হবে : মুনির চৌধুরী



মুনির চৌধুরী। ফাইল ছবি

বিজ্ঞান শিক্ষা নিয়ে জাতিকে এগুতে হবে এবং প্রযুক্তি দিয়ে নগর জীবনকে পরিবেশ বান্দব, নিরাপদ, আধুনিক ও স্মার্ট করে গড়ে তুলতে হবে। শনিবার (১১ মার্চ) চট্টগ্রাম মহানগরীর হিলভিউ পাবলিক স্কুলে দিনব্যাপী আয়োজিত এক বিজ্ঞান ও প্রযুক্তি মেলায় জাতীয় বিজ্ঞান ও প্রযুক্তি জাদুঘরের মহাপরিচালক মোহাম্মাদ মুনির চৌধুরী শিক্ষার্থীদের উদ্দেশে এসব কথা বলেন।

স্কুল পরিচালনা পরিষদের সভাপতি লায়ন শফিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠিত এ মেলায় প্রধান অতিথি মোহাম্মাদ মুনির চৌধুরী বলেন, ‘সরকার শিক্ষার্থীদের বিজ্ঞানমুখী করতে বহুমাত্রিক পদক্ষেপ গ্রহণ করেছে।’

তিনি বলেন, ‘আধুনিক ড্রোন প্রযুক্তির মাধ্যমে যেখানে আসামি শনাক্ত করা হচ্ছে এবং সমুদ্র সৈকতে হাঙরের গতিবিধি পর্যবেক্ষণ করা হচ্ছে, সেখানে প্রযুক্তি দিয়ে আমাদের অনেক দূর এগিয়ে যেতে হবে। বিজ্ঞান শিক্ষার সফলতার জন্য শিক্ষকদের কঠোর পরিশ্রম করতে হবে। এত বেতন ভাতা, সুযোগ-সুবিধা এবং শিক্ষা প্রতিষ্ঠানে সরকার কর্তৃক বিপুল বিজ্ঞান সরঞ্জাম প্রদানের পরেও শিক্ষকদের দায়িত্বে অবহেলা অত্যন্ত দুর্ভাগ্যজনক। সুতরাং, কঠোর ব্রত নিয়ে শিক্ষকদের দায়িত্ব পালন করতে হবে। বিজ্ঞান ও প্রযুক্তি যতই উন্নত হোক, নৈতিকতা না থাকলে সব অর্জন ম্লান হয়ে যাবে। তাই জ্ঞান-বিজ্ঞানের সঙ্গে নৈতিকতায় সমৃদ্ধ হতে হবে।’ অনুষ্ঠানে প্রায় ষোল (১৬)টি বৈজ্ঞানিক উদ্ভাবনী প্রকল্প উপস্থাপন করা হয়।

মহাপরিচালক প্রত্যেকটি প্রকল্প ঘুরে ঘুরে দেখেন এবং ক্ষুদ্রে বিজ্ঞানীদের অনুপ্রেরণা প্রদান করেন। অনুষ্ঠানে আরো বক্তব্য দেন উপ-পুলিশ কমিশনার (বন্দর) শাকিলা সুলতানা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী প্রদীপ কুমার সরকার, স্থানীয় ওয়ার্ড কাউন্সিলর মো. মোবারক আলী এবং প্রধান শিক্ষক মো. নুরুল আলমসহ গণ্যমান্য ব্যক্তির।

## Science fair held in Ctg

**Staff Correspondent**

A DAY-LONG science and technology fair was held at Hill View Public School in Chattogram on Saturday.

National Science and Technology Museum director general Muhammad Munir Chowdhury was present chief guest at the fair, where school management council president Shafiqul Islam was present, among others, said a press release on Sunday.

Around 16 innovative scientific projects were presented at the event.

The director general visited each project and inspired the junior scientists.

Deputy commissioner of police Shakila Sultana, executive engineer of the Directorate of Education and Engineering Pradeep Kumar Sarkar, local ward councillor Md Mubarak Ali and headmaster Md Nurul Alam were also present on the occasion.